গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রকল্প পরিচালক**, বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প

**এবং**

**মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর এর মধ্যে স্বাক্ষরিত**

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১, জুলাই ২০১৯ – ৩০ জুন, ২০২০

# সূচিপত্র

উপক্রমণিকা............................................................................................................................................১

কর্মসম্পাদনের সার্বিক চিত্র.........................................................................................................................২

সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলি......................................................................৩

সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ.....................................................................৪

সংযোজনী ১: শব্দসংক্ষেপ.........................................................................................................................৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি.........................৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনিদিষ্ট চাহিদা...৭

# উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

**প্রকল্প পরিচালক,** বাজার অবকাঠামো, সংরক্ষণ ওপরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প।

এবং

মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর এর মধ্যে ২০১৯ সালের -----------মাসের---------তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

**বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র**

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা, সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

কৃষকের সাথে বাজারের সংযোগ স্থাপন, অবকাঠামোগত সুযোগ সুবিধা সৃষ্টি ও অন্যান্য বিপণন সেবা সম্প্রসারণের মাধ্যমে প্রকল্প এলাকার কৃষকের আয় বৃদ্ধির লক্ষ্যে বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পটি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। দরকষাকষির সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রকল্পভূক্ত ৪জেলায় ১০০টি কৃষক বিপণন দল গঠন করা হবে। কৃষি বিপণন সংক্রান্ত সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন ও কৃষি বিপণন অধিদপ্তরের মোট ১২ জন কর্মকর্তাকে ০১টি ব্যাচে ০৭দিন এশিয় দেশগুলোর মধ্যে যেকোন ২/১ টি দেশে শিক্ষা সফরে প্রেরণ করার পরিকল্পনা গ্রহন করা হয়েছে। তাছাড়া প্রকল্পভূক্ত ০৬টি জেলার মোট ৫৪০ জন ক্ষুদ্র কৃষক ও ব্যবসায়ী পোস্ট হারভেস্ট টেকনোলজি , ফুল প্রক্রিয়াজাতকরণ, ও বাজার ব্যবস্থাপন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হবে। তাছাড়া ৫০ জন কর্মকর্তাকে কর্তনোত্তর প্রযুক্তি, প্যাকেজিং, প্রসেসিং ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। ঢাকার গাবতলীতে ৬,০০০ বর্গফুট আয়তন বিশিষ্ট একটি দ্বিতল পাইকারী বাজার নির্মাণ করা হবে। এছাড়া মানিকগন্জ, যশোর, ঝিনাইদহ ও চুয়াডাঙ্গা জেলায় ১টি করে মোট ০৪ টি এসেম্বল সেন্টার নির্মাণ করা হবে। ফুলের উৎপাদন, সংরক্ষণ, বিপণন ও প্রক্রিয়াজতকরণের উপর একটি ভিডিও ডকুমেন্টারী নির্মাণ করা হয়েছে।

**বিদ্যমান সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পের আওতায় প্রস্তাবিত গাবতলী ফুলের পাইকারী বাজার নির্মাণের লক্ষ্যে বিএডিসির প্রার্থিত জমি এখনও পাওয়া যায়নি। এছাড়া যশোর,ঝিনাইদহ, চুয়াডাঙ্গা,ও মানিকগঞ্জ জেলায় প্রস্তাবিত এসেম্বল সেন্টারের জন্য প্রতিশ্রুত জমি দাতাগণের নিকট থেকে বিনামূল্যে গ্রহন করাও একটি বড় চ্যালেঞ্জ।

**ভবিষ্যত কর্মপরিকল্পনাঃ**

কৃষি উৎপাদন বৃদ্ধির সাথে সাথে কৃষির বাণিজ্যিকিকরণ, কৃষি ব্যবসা ও কৃষি ভিত্তিক শিল্পের প্রসার এবং কৃষিপণ্য রপ্তানী বৃদ্ধি পেয়েছে। সুষ্ঠু ও আধুনিক বিপণন ব্যবস্থা অব্যাহত রাখার লক্ষ্যে কৃষিপণ্যের হাট বাজারসমূহের উন্নয়নে ভূমিকা রাখা, কৃষিপণ্যের ভ্যালু চেইন ও সাপ্লাই চেইন উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা সেবা প্রদান ও নির্মিতব্য এসেম্বল সেন্টারগুলোর অবকাঠামোগত ও লজিষ্টিক সুবিধা ভবিষতে আরোও বৃদ্ধি করা। কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ বিশেষ করে গৃহ পর্যায়ে এবং ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে প্রক্রিয়াজাতকরণ সুবিধা বৃদ্ধির লক্ষ্যে পণ্য বিপণনে সহায়তার নির্মিত্ত ট্রিমিং,ক্লিনিং,ব্র্যান্ডিং, মোড়কীকরণ ইত্যাদি সুবিধা উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা সেবা প্রদান করে কৃষি পণ্যের কর্তোনত্তোর ক্ষতি কমিয়ে কৃষক সমাজের জীবনযাত্রার মান উন্নত করে জাতীয় অর্থনীতিতে অবদান রাখা। এছাড়াও ফুলের বাজার প্রসারমূলক কার্যক্রম গ্রহনের মাধ্যমে ফুলের অভ্যন্তরিন ও আর্ন্তজাতিক বাজার আরোও সম্প্রসারণ করা।

**২০১৯-২০২০ অর্থবছরে সম্ভাব্য প্রধান প্রধান কার্যক্রমঃ**

- প্রকল্পের কার্যক্রম বিষয়ে ১০,০০০টি বিভিন্ন ধরনের প্রচার প্রচারনামূলক পোষ্টার, ফোল্ডার, নোটপ্যাড ইত্যাদি প্রকাশ;
- ঢাকার গাবতলীতে ৬০,০০০ বর্গফুট আয়তন বিশিষ্ট ফুলের একটি পাইকারী বাজার নির্মান করা হবে।
- ০৪ টি এসেম্বল সেন্টার নির্মাণ।

সেকশন -১:

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

### ১.১ রূপকল্প (Vision):

উৎপাদক, বিক্রেতা ও ভোক্তা সহায়ক কৃষি বিপণন ও কৃষি ব্যবসা উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission) :

আধুনিক সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণ এবং কৃষিপণ্যের বিপণন ও সরবরাহ ব্যবস্থায় সহায়তা প্রদানের মাধ্যমে কৃষিপণ্যের চাহিদা ও যোগান নিরূপন, মজুদ ও মূল্য পরিস্থিতি বিশ্লেষণ ও অত্যাবশ্যকীয় কৃষিপণ্যের মূল্য ধারার আগাম প্রক্ষেপণ এবং এ বিষয়ক তথ্য ব্যবস্থাপনা ও প্রচার।

### ১.৩. কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective):

কৃষিপণ্যের সরবরাহ, প্রক্রিয়াজাতকরণ ও দক্ষ বিপণনে সহায়তা করা এবং কৃষি পণ্যের কর্তোনোত্তর ক্ষতি কমানো।

### ১.৪ কার্যাবলী (Functions):

১) বিপণন ব্যবস্থাপনার উন্নয়ন ও কৃষকদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য প্রাপ্তিতে সহায়তা ও ভোক্তাসেবা প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন।

২) আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণের মাধ্যমে দক্ষ বিপণন ব্যবস্থা গড়ে তোলা।

৩) ব্যবসায়ী ও পরিবহন সংস্থার সহায়তায় উৎপাদন এলাকা হতে ঘাটতি এলাকায় দ্রুত পণ্য সরবরাহের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।

৪) বাণিজ্যিক ভিত্তিতে কৃষিপণ্য উৎপাদন, বিপণন, ভ্যালু চেইন উন্নয়ন এবং কৃষি ভিত্তিক শিল্প স্থাপনে উদ্যোক্তাগণকে উদ্বুদ্ধ করা।

৫) উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে আধুনিক প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে কৃষি পণ্যের কর্তোনোত্তর ক্ষতি কমানো।

## সেকশন-২

### কৃষি বিপণন অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্য এবং অগ্রাধিকার এর আলোকে বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প, এর কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ:

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০২০ (Target/Criteria Value for FY ২০১৯-২০) | | | | | প্রক্ষেপন (Projection) ২০২০-২১ | প্রক্ষেপন (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| (ক) কৃষি বিপণন অধিদপ্তরের ম্যান্ডেটেড কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১। কৃষিপণ্যের সরবরাহ, প্রক্রিয়াজাতকরণ ও দক্ষ বিপণনে সহায়তা করা | ৮০ | ১.১ ফুলের বিপণন ব্যবস্থার উন্নয়ন | ১.১.১ প্রচার প্রচারনা (পোষ্টার, হ্যন্ডবিল, স্টিকার, ব্রুশিয়ার, ইত্যাদি) | সংখ্যা | ১০ | - | - | ১০,০০০ | ৯,০০০ | ৮,০০০ | ৭,০০০ | - | ৫,০০০ | - |
| | | | ১.১.২নির্মিত ভিডিও ডকুমেন্টারি | সংখ্যা | ০৫ | - | - | ০১ | - | - | - | - | - | - |
| | | | ১.১.৩ প্রশিক্ষিত কৃষক | সংখ্যা | ০৫ | - | ৮০ | ২০০ | ১৭৫ | ১৫০ | ১২৫ | - | ২০০ | - |
| | | | ১.১.৪ উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণে অংশগ্রহনকারী | সংখ্যা | ০৫ | - | - | ১২০ | ১০০ | ৮০ | ৭০ | - | ১০০ | - |
| | | | ১.১.৫ টিওটি প্রশিক্ষণে অংশগ্রহনকারী | সংখ্যা | ০৫ | | ৩০ | ২৫ | ২০ | ১৫ | ১০ | - | ২৫ | - |
| | | | ১.১.৬ আয়েজিত এক্সপোজার ভিজিট | সংখ্যা | ১০ | - | - | ০১ | - | - | - | - | - | - |
| | | | ১.১.৭ আহবানকৃত টেন্ডার | সংখ্যা | ২০ | - | ০১ | ৫ | ৪ | - | - | - | ০৫ | - |
| | | ১.২ অবকাঠামো উন্নয়ন | ১.২.১ নির্মিত এসেম্বল সেন্টার | সংখ্যা | ২০ | - | - | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | - | - | - |
| | | | ১.২.২ নির্মিত পাইকারী বাজার নির্মাণ | সংখ্যা | ১০ | - | - | ২০ | ১৫ | ১০ | ০৫ | - | - | - |
| | | | ১.২.৩ বিভাগীয় কার্যালয়ে উর্ধমূখী সম্প্রসারণ | সংখ্যা | ০৫ | - | - | ০১ | - | - | - | - | - | - |
| | | | ১.২.৪ মধ্যবতী মূল্যায়ন | সংখ্যা | ০৫ | - | - | ০১ | - | - | - | - | - | - |

*** প্রকল্পটি ২০২০-২০২১ অর্থবছরে সমাপ্ত হবে বিধায় ২০২১-২০২২ অর্থবছরের কোন প্রক্ষেপন দেওয়া হয়নি।

আমি, **প্রকল্প পরিচালক,** বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প, **ঢাকা** কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, **প্রকল্প পরিচালক,**বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প, **ঢাকা** এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২০/৬/২২

**প্রকল্প পরিচালক (অ: দা:)**
বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার
মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ
প্রকল্প,কৃষি বিপণন অধিদপ্তর,খামারবাড়ী,**ঢাকা-১২১৫।**

তারিখ

20/6/2022
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর

তারিখ

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ০১। | বিএডিসি | বাংলাদেশ এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কর্পোরেশন |
| ০২। | বিএআরসি | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল |
| ০৩। | বিএআরআই | বাংলাদেশ এগ্রিকালচার রিসার্চ ইনস্টিটিউট |
| ০৪। | বিসিআইসি | বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন |
| ০৫। | ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |
| ০৬। | ডিএএম | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল মার্কেটিং |
| ০৭। | এফএমজি | ফার্মার্স মার্কেটিং গ্রুপ |
| ০৮। | এলজিইডি | লোকাল গর্ভমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ।

| ক্রঃ নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট/প্রকল্প | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ ম |
|---|---|---|---|---|---|---|
| ০১। | ১.১ কৃষি বিপণন ও উন্নয়ন বিষয়ে প্রচারণা ও তথ্য সংরক্ষণ (২০) | ১.১.১ প্রকাশিত প্রতিবেদন | প্রকল্প অফিস কর্তৃক প্রকাশিত বিপণন বিষয়ে বিভিন্ন প্রতিবেদন প্রকাশ করা। | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | প্রকাশিত প্রতিবেদনের এর সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ০২। | | ১.১.২ প্রচার প্রচারনা (পোষ্টার, হ্যন্ডবিল, স্টিকার, ব্রুশিয়ার, ইত্যাদি) | প্রকল্প অফিস কর্তৃক প্রকল্প কার্যক্রম বিষয়ে প্রকাশিত বিভিন্ন প্রচারণা। | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | প্রকাশিত প্রচারনার সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ০৩। | | ১.১.৩ নির্মিত ভিডিও ডকুমেন্টারি | বিপণন বিষয়ক কার্যক্রম নিয়ে নির্মিত ভিডিও ডকুমেন্টারি | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | নির্মিত ভিডিও ডকুমেন্টারির সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ০৪। | ১.২ বাজার উন্নয়নে সহায়তা প্রদান (২০) | ১.২.১ গঠিত কৃষক বিপণন দল | দলগতভাবে বিপণন কার্যক্রম চালানোর জন্য নির্দিষ্ট সংখ্যক কৃষকদের নিয়ে দল গঠন করা। | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | গঠিত কৃষক বিপণন দলের সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রকাশিত প্রতিবেদন । | - |
| ০৫। | | ১.২.২ নির্মিত এসেম্বল সেন্টার | কৃষকদের সহজ বাজার প্রবেশাধিকারের সুযোগ সৃষ্টির লক্ষ্যে বাজার অবকাঠামো সুবিধা যথা: এসেম্বল সেন্টার নির্মান করা। | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | নির্মিত এসেম্বল সেন্টারের সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | - |
| ০৬। | | ১.২.৩ সম্পাতিদ সার্ভে | বিভিন্ন বিপণন বিষয়ক সার্ভে সম্পাদন | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | সার্ভের সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ০৭। | ১.৩ উপযুক্ত মূল্য প্রাপ্তিতে প্রশিক্ষন ও অন্যান্য সহায়তা প্রদান (২৫) | ১.৩.১ প্রশিক্ষিত কৃষক | কৃষি বিপণন দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়। | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | প্রশিক্ষন গ্রহনকারী কৃষকের সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রতিবেদন। | |
| ০৮। | | ১.৩.২ বাজার সংযোগ সুবিধা প্রাপ্ত কৃষক | প্রকল্প কর্তৃক কৃষকদের বাজার সংযোগ স্থাপনে সহায়তা প্রদান | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত কৃষকের সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ০৯। | | ১.৩.৩ আয়োজিত মোটিভেশনাল ট্যুর | সচেতনতা সৃষ্টির লক্ষ্যে কৃষকদের দলবদ্ধভাবে গুরুত্বপূর্ণ কৃষি বিপণন কার্যক্রম সরেজমিন পরিদর্শনের ব্যবস্থা করানো হয়। | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | মোটিভেশনাল ট্যুর প্রাপ্ত কৃষকের সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | - |
| ১০। | | ১.৩.৪ আয়োজিত ওয়ার্কশপ/ সেমিনার | বাজার সংযোগ ও অন্যান্য প্রচরনামূলক কার্যক্রম চালানোর জন্য প্রকল্পের আওতায় ওয়ার্কশপ/ সেমিনার আয়োজন করা হয়। | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | আয়োজনকৃত ওয়ার্কশপ/ সেমিনারের সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | - |
| ১১। | ১.৪ কৃষি উদ্যোক্তাদের প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদান এবং এগ্রোপ্রসেসিং ও কৃষি ব্যবসায় বিনিয়োগ উৎসাহিত করা (১৫) | ১.৪.১ প্রযুক্তি ও কারিগরী সহায়তাপ্রাপ্ত কৃষি প্রক্রিয়াজাতকারী | মূল্য সংযোজন ও প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে অবকাঠামো নির্মান | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | নির্মিত প্রসেসিং সেন্টার এর সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | |
| ১২। | | ১.৪.২ প্রশিক্ষিত কৃষি প্রক্রিয়াজাতকারী | প্রকল্প কর্তৃক কৃষি প্রক্রিয়াজাতকারী উদ্যোক্তাকে প্রযুক্তি ও কারিগরী বিষয়ে সহায়তা প্রদান | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | সহায়তা প্রাপ্ত প্রক্রিয়াজাতকারী উদ্যোক্তার সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ১৩। | | ১.৪.৩ বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত কৃষি ব্যবসায় উদ্যোক্তা | কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণ বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রক্রিয়াজাতকারীগনকে প্রশিক্ষণ প্রদান করা। | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | প্রশিক্ষন গ্রহনকারী কৃষি প্রক্রিয়াজাতকারীর সংখ্যা এবং প্রকল্পকর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| | | ১.৪.৪ প্রশিক্ষিত উদ্যোক্তা | উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা। | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | উদ্যোক্তা সৃষ্টির সংখ্যা এবং প্রকল্পকর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |

**সংযোজনী ৩ :**অন্যান্য প্রতিষ্ঠানের/ .....................বিভাগের/ নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিভাগের/ প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| (প্রযোজ্য নহে) | | | | | | |